



আপনার জিপি প্রেকটিসের নিয়ন্ত্রণ থেকে
কি কি আদর্শমান আশা করার অধিকার
আপনার রয়েছে
বড় হরফে লিখা কপি

এই পুস্তিকা সম্পর্কে কিছু কথা

যদি আপনি ইংল্যান্ডের কোন জিপি প্রেকটিস (ডাক্তারের সার্জারি) থেকে চিকিৎসা অথবা তত্ত্বাবধান তথা কেয়ার গ্রহণ করে থাকেন তাহলে এই নির্দেশিকাটি আপনার জন্যে। আপনার জিপি প্রেকটিস থেকে কোন্ত আদর্শমানের কেয়ার আশা করার অধিকার আপনার রয়েছে এবং যদি আপনি খারাপ মানের কেয়ার পান তাহলে আপনার কি করা উচিত এসব বুঝার ক্ষেত্রে এটি আপনাকে সাহায্য করবে। গুণগত মান এবং নিরাপত্তাবিষয়ক জাতীয় যে আদর্শমানগুলো রয়েছে সেগুলো জিপি প্রেকটিসসমূহ পূরণ করছে কিনা তা নিশ্চিত করার জন্যে আমরা কিভাবে কাজ করি এবং যদি আমরা জানি যে জিপি প্রেকটিসগুলো আদর্শমানসমূহ পূরণ করছে না তাহলে আমরা কি ব্যবস্থা গ্রহণ করি তা এই গাইড বা নির্দেশিকাটি ব্যাখ্যা করে।

আমাদের সম্পর্কে কিছু কথা

আমরা হচ্ছি কেয়ার কোয়ালিটি কমিশন (CQC), ইংল্যান্ডের স্বাস্থ্য এবং এডাল্ট সোশাল কেয়ার সার্ভিসগুলোর স্বতন্ত্র নিয়ন্ত্রক।

আমরা নিশ্চিত করি স্বাস্থ্য এবং সোশাল কেয়ার সার্ভিসগুলো যেন লোকজনকে নিরাপদ, কার্যকর, সমবেদনাপূর্ণ, উঁচু-মানের কেয়ার প্রদান করে এবং উন্নতি করার জন্যে আমরা কেয়ার সার্ভিসগুলোকে উৎসাহিত করি।

আমরা সার্ভিসগুলোর প্রতি নজর রাখি এবং সেগুলো পরিদর্শন এবং নিয়ন্ত্রণ করি এ নিশ্চিত করার জন্যে যে এগুলো যেন গুণগত মান এবং নিরাপত্তাবিষয়ক মৌলিক

আদর্শমানসমূহ পূরণ করে এবং আমরা যা খোঁজে পাই তা আমরা প্রকাশ করি, সাফল্য-
ব্যর্থতার অবস্থান সহ যাতে কেয়ার পছন্দের ব্যাপারে লোকজন সাহায্য পান।

মানসিক স্বাস্থ্য আইনের আওতায় যাদের অধিকারসমূহ সীমিত এ ধরনের ব্যক্তি সহ,

সহজে ক্ষতির ঝুঁকিসম্পন্ন ব্যক্তিদের স্বার্থগুলোও আমরা রক্ষা করি।

যারা আমাদের সার্ভিসগুলো ব্যবহার করেন তাদের মতামত, অভিজ্ঞতা, স্বাস্থ্য এবং
কল্যাণকে আমরা আমাদের কাজের কেন্দ্রস্থলে রাখি, এবং যদি লোকজন মন্দ কেয়ার
পান তবে পদক্ষেপ নেয়ার জন্যে আমাদের কিছু ক্ষমতা রয়েছে।

জিপি প্রেকটিসগুলো রেজিস্টারভুক্তকরণ এবং পরিদর্শন

আইন হচ্ছে এই যে, ইংল্যান্ডের সব জিপি প্রেকটিসকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তারা যে কেয়ার এবং চিকিৎসা প্রদান করে সেগুলো যেন গুণগত মান এবং নিরাপত্তাবিষয়ক জাতীয় আদর্শমানগুলো পূরণ করে।

আমরা তখনই কোন জিপি প্রেকটিসকে রেজিস্টারভুক্ত করি যদি তারা দেখাতে সক্ষম হয় যে তারা এই আদর্শমানগুলো পূরণ করছে। যদি কোন জিপি প্রেকটিস আমাদের সাথে রেজিস্টারভুক্ত না থাকে তাহলে তারা সার্ভিসগুলো প্রদান করতে পারবে না।

আমরা জিপি প্রেকটিসগুলো পরিদর্শন করি এ নিশ্চিত করার জন্যে যে তারা জাতীয় আদর্শমানগুলো পূরণ করছে। একটি জিপি প্রেকটিস যে কেয়ার প্রদান করছে যদি সে সম্পর্কে কোন উদ্বেগাদি থাকে তবে আমরা যেকোন সময় সেটি পরিদর্শন করতে পারি।

যখন কোন জিপি প্রেকটিস গুণগত মান এবং নিরাপত্তাবিষয়ক জাতীয় আদর্শমানগুলো পূরণ করে থাকে তখন আপনার কি কি আশা করা উচিত পরবর্তী পৃষ্ঠাগুলোতে আমরা সেগুলো সংক্ষেপে তুলে ধরেছি।

যখন কোন জিপি প্রেকটিস গুণগত মান এবং নিরাপত্তাবিষয়ক
জাতীয় আদর্শমানগুলো পূরণ করে থাকে তখন আপনি কি কি
আশা করতে পারেন

১০. আপনি আশা করতে পারেন যে আপনার প্রতি সম্মান দেখানো হবে ও
আপনাকে জড়িত করা হবে এবং কি হচ্ছে, না হচ্ছে সে বিষয়ে আপনাকে প্রতিটি
ধাপে অবগত রাখা হবে
- আপনার দাতের যতন এবং চিকিৎসাবিষয়ক আলোচনায় আপনি, অথবা আপনার
প্রতিনিধিত্বকারী কেউ, জড়িত থাকবেন।
 - সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে আপনাকে সাহায্য করার জন্যে প্রয়োজনে আপনার প্রতি
সমর্থন যোগানো হবে; স্টাফরা আপনার গোপনীয়তা এবং মর্যাদার প্রতি সম্মান
প্রদর্শন করবেন।
 - আপনি কোন চিকিৎসা গ্রহণের আগে আপনাকে জিজ্ঞাসা করা হবে এটিতে আপনি
সন্মত কিনা।

উদাহরণ

আনীসা এবং তার পরিবার একটি স্থানীয় জিপি প্রেকটিসের রোগী। আনীসার
পরিবারের ইংরেজী ভাষা সম্পর্কে প্রাথমিক জ্ঞান রয়েছে, কিন্তু তারা উর্দুতে অধিকতর
কার্যকরভাবে কথাবার্তা বলতে সক্ষম। সাধারণ চিকিৎসাদি সম্পর্কে উনার জিপি
প্রেকটিস তথ্যমূলক লিফলেট প্রদান করে যেগুলো উর্দুতে লিখিত। গলায় ইনফেকশন

হবার দরুণ যখন আনীসার আট-বছর-বয়সী মেয়ের এন্টিবায়োটিক্স প্রয়োজন হয়েছিল, তখন উনি এবং উনার মেয়ে বুঝতে সক্ষম ছিলেন যে কি জড়িত এবং কেনো উক্ত ঔষধটির প্রয়োজন ছিল; আর তাই জিপি যে প্রেসক্রিপশন দিয়েছিলেন তাতে তারা সম্মত ছিলেন।

২. আপনার প্রয়োজনগুলো মিটায় একাপ কেয়ার বা সেবায়ন্ত্র, চিকিৎসা এবং সমর্থন আপনি আশা করতে পারেন

- আপনার অধিকারগুলোকে সমর্থন করে একাপ নিরাপদ এবং ঘরোপযুক্ত কেয়ার যাতে আপনি পান তা নিশ্চিত করার জন্যে আপনার ব্যক্তিগত প্রয়োজনগুলো নিরূপণ করা হবে।
- যেসব কেয়ার আপনার সামগ্রিক স্বাস্থ্য এবং কল্যাণের ক্ষেত্রে পরিবর্তন বয়ে আনবে বলে আপনি এবং আপনার জিপি একমত সেগুলো আপনি পাবেন।
- যদি আপনি বিভিন্ন কেয়ার সার্ভিসে যাওয়া-আসা করেন তবে আপনার স্বাস্থ্যের যত্নবিষয়ক প্রয়োজনগুলো সমন্বিত।
- আপনার সাংস্কৃতিক পটভূমি, লিঙ্গ, বয়স, ঘোনতা (আপনি সমকামী মহিলা, সমকামী পুরুষ, উভলিঙ্গ অথবা বিষমকামী যাই-ই হোন না কেনো), ধর্ম অথবা বিশ্বাস, এবং আপনার পঙ্কুত্বের, যদি থেকে থাকে, ব্যাপারে স্টাফরা সম্মান দেখাবেন।

উদাহরণ

এন্ডির বয়স ৬৫। প্রচণ্ড বুকজ্বালা শুরু হবার পর এবং গিলার ক্ষেত্রে সমস্যায় থাকায় তিনি সম্প্রতি উনার জিপি-র কাছে গিয়েছেন। একটি ডাক্তারী এসেস্মেন্টের (স্বাস্থ্যগত অবস্থা, দশা ইত্যাদি যাচাই) পর, জিপি সন্দেহ করেছেন যে এন্ডির হয়ত পাকস্তলীতে ক্যান্সার হয়েছে। একটি হাসপাতালে একজন স্পেশালিস্ট তথা বিশেষজ্ঞ যাতে এন্ডিকে দেখেন সে জন্যে জিপি এন্ডির জন্যে একটি জরুরি রেফারেল (অর্থাৎ যথাযথ ব্যবস্থাগ্রহণের অনুরোধসম্বলিত ফর্ম) পাঠান। পরের সপ্তাহের প্রথমদিকে হাসপাতাল এন্ডির সাথে যোগাযোগ করে একটি এপোয়েন্টমেন্ট চূড়ান্ত করার জন্যে, যাতে তিনি উক্ত বিশেষজ্ঞের সাথে দেখা করতে পারেন। যখন এপোয়েন্টমেন্টটিতে এন্ডি হাজিরা দেন তখন উক্ত বিশেষজ্ঞের কাছে জিপি-র রেফারেল ফর্মের একটি কপি ছিল, যেটিতে এন্ডির স্বাস্থ্যগত ইতিহাস এবং উনার লক্ষণগুলো সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্যাদি দেয়া ছিল।

৩. নিরাপদ থাকবেন তা আপনি আশা করতে পারেন

- একটি পরিষ্কার পরিবেশে আপনার সেবাযত্ত নেয়া হবে যেখানে আপনি ইন্ফেকশন (সংক্রমণ) হতে রক্ষিত।
- যথোপযুক্ত ক্ষেত্রে, আপনি আপনার প্রয়োজনীয় ঔষধগুলো পাবেন, যখন সেগুলো প্রয়োজন তখন পাবেন এবং একটি নিরাপদ উপায়ে পাবেন।
- একটি নিরাপদ এবং প্রবেশযোগ্য স্থানে আপনার চিকিৎসা করা হবে।

- অনিরাপদ অথবা অনুপযুক্ত যন্ত্রপাতির দ্বারা আপনার কোন ক্ষতি হবে না।
- যদি আপনার জিপি প্রেকটিস সন্দেহ করে যে কোন একজন রোগী ঝুঁকির সম্মুখীন তবে তারা যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবে।

উদাহরণ

যদি কোন জিপি প্রেকটিসে প্রবেশের জন্যে শুধুমাত্র অপ্রশস্ত সিঁড়ি থাকে তবে হইলচেয়ার ব্যবহারকারী অথবা হাঁটার ক্ষেত্রে ভীষণ অস্ববিধাসম্পন্ন ব্যক্তিদের জন্যে সেটি প্রবেশসাধ্য নয়। উক্ত দালানে একটি লিফ্ট লাগানো সম্ভব নয়। প্রেকটিসটি সিঁড়িতে নিরাপদ হ্যান্ডরেইল লাগিয়েছে এবং সাহায্যের জন্যে ডাকার স্ববিধার্থে দরজায় একটি বাঘার (বৈদ্যুতিক ঘন্টা) লাগিয়েছে। যেহেতু উক্ত প্রেকটিসটি কোন কোন লোকের জন্যে প্রবেশসাধ্য নয় সেহেতু এটি পঙ্কুত্ত/অসক্ষমতাসম্পন্ন বর্তমান যেকোন রোগীদের জন্যে একটি হোম-ভিজিট সার্ভিস প্রদান করে অর্থাৎ ঘরে যেয়ে সেবা প্রদান করে। উক্ত প্রেকটিসে তাদের নাম রেজিস্টারভুক্ত করাতে চান এরূপ নতুন রোগীদেরকে এই সিঁড়ি সম্পর্কে বলা হয় এবং, প্রয়োজন হলে, তাদেরকে এমন একটি স্থানীয় জিপি প্রেকটিসে পাঠানো হয় যেটি প্রবেশসাধ্য।

৪. সঠিকভাবে কাজ করার মতন উপযুক্ত দক্ষতাসম্পন্ন স্টাফের মাধ্যমে সেবায়ত্ত পাবার আশা আপনি করতে পারেন

- যথোপযুক্তভাবে যোগ্যতাপ্রাপ্ত স্টাফ দ্বারা আপনার সামগ্রিক স্বাস্থ্য এবং কল্যাণগত প্রয়োজনগুলো মিটানো হবে।

- আপনাকে নিরাপদ রাখার এবং আপনার প্রয়োজনগুলো মিটানোর জন্যে সবসময় পর্যাপ্ত সংখ্যক স্টাফের বন্দোবস্ত থাকবে।
- যেসব স্টাফ স্ব-তত্ত্বাবধানকৃত এবং যাদের উন্নতি করার এবং নিজস্ব দক্ষতাগুলো বাড়ানোর স্বয়োগ রয়েছে তারা আপনার দেখাশুনা করবেন।

উদাহরণ

একটি বড় জিপি প্রেকটিস কয়েকজন জিপি (ডাক্তার) এবং নার্স নিয়োগ করে থাকে।
 উক্ত প্রেকটিসটি অপেক্ষার সময় এবং এপোয়েন্টমেন্ট সময়গুলোর প্রতি নিয়মিত নজর
 রাখে এ নিশ্চিত করার জন্যে যে, রোগীদের প্রয়োজনগুলো মিটানোর জন্যে যেন
 তাদের পর্যাপ্ত সংখ্যক স্টাফ থাকে। ফলশ্রুতে, এপোয়েন্টমেন্টগুলো কদাচি�ৎ বাতিল
 হয় অথবা বদলানোর প্রয়োজন পড়ে।

৫. আপনার জিপি প্রেকটিস তাদের সেবাগুলোর মান নিয়মিত পরীক্ষা করবে সে আশা আপনি করতে পারেন

- আপনার যে সেবাযত্ন বা কেয়ার প্রয়োজন সেটি আপনি পাচ্ছেন কিনা তা নিশ্চিত
 করার জন্যে আপনার জিপি প্রেকটিস তাদের সেবাগুলোর গুণগত মানের প্রতি
 নিয়মিত নজর রাখে।
- আপনার ব্যক্তিগত রেকর্ডগুলো নির্ভুল হবে এবং সেগুলো নিরাপদ ও গোপন রাখা
 হবে।

- আপনি, অথবা আপনার প্রতিনিধিত্বকারী কেউ, অভিযোগ করতে পারবেন এবং আপনাদের কথা শোনা হবে। আপনার অভিযোগটি যথাযথভাবে দেখা হবে।

উদাহরণ

বড় কোন জিপি প্রেকটিসের শরিকানরা তাদের রোগীদের প্রতি যে মানের সেবা দিয়ে থাকেন তা অব্যাহতভাবে উন্নত করার জন্যে তারা দৃঢ়প্রতিজ্ঞ। মন্তব্য দেয়ার কার্ড এবং প্রেকটিসের ওয়েব্সাইটের মাধ্যমে মতামত জানানোর জন্যে রোগীদেরকে উৎসাহিত করা হয়। কিভাবে অভিযোগ করতে হয় সে সম্পর্কে প্রেকটিসের রিসেপশন এলাকায় লিফলেট রয়েছে এবং তাদের ওয়েব্সাইটে তাদের অভিযোগ প্রক্রিয়াটি লিখা রয়েছে। অভিযোগগুলো এবং অন্যান্য মন্তব্য-মতামতগুলো পর্যালোচনা করার জন্যে শরিকানরা মাসে একবার বৈঠকে মিলিত হন এবং সম্মতিতে পৌঁছান যে কিভাবে তারা প্রাপ্ত মন্তব্য-মতামতগুলো থেকে শিক্ষা নিবেন এবং, প্রয়োজনীয় ক্ষেত্রে, উন্নতিসাধন করবেন। জাতীয় এবং স্থানীয় রোগী-সন্তুষ্টি জরিপগুলোতে উক্ত প্রেকটিসটির সাফল্য ও ব্যর্থতা কতটুকু ছিল এবং তারা যে সেবা প্রদান করেন তা উন্নত করার জন্যে কি কি পদক্ষেপ তারা গ্রহণ করেছেন এসব তথ্য তাদের ওয়েব্সাইট প্রদান করে।

যদি আপনি মনে করেন যে আপনার জিপি প্রেকটিস জাতীয়

আদর্শমানগুলো পূরণ করছে না তাহলে কি করতে হবে

যদি আপনি, অথবা আপনি যার দেখাশুনা করেন তিনি, দ্রব্যের ক্ষেত্রের অভিজ্ঞতা পান, তাহলে:

- একটি আনুষ্ঠানিক অভিযোগ করা সহ, আপনি আপনার জিপি প্রেকটিসের কাছে আপনার উদ্বেগগুলো তুলে ধরতে পারেন; এবং
- এ বিষয়ে আমাদেরকে জানাতে পারেন।

জিপি প্রেকটিসের কাছে আপনার উদ্বেগগুলো তুলে ধরুন

আপনার জিপি প্রেকটিস যে কেয়ার তথা সেবায়ত্ত প্রদান করছে যদি সে সম্পর্কে আপনার উদ্বেগাদি থাকে, তাহলে প্রথমে আপনার যে জিনিসটি করা উচিত তা হচ্ছে প্রেকটিস ম্যানেজারকে বিষয়টি জানানো। যদি সমস্যাটি স্বরাহা করা না যায়, তাহলে আপনি তাদের আনুষ্ঠানিক অভিযোগ প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে পারে। আইন বলে যে, অভিযোগাদি দেখার জন্যে প্রতিটি জিপি প্রেকটিসে অবশ্যই একটি কার্যকর প্রক্রিয়া থাকতে হবে।

যদি আপনার অভিযোগটি এন-এইচ-এস্ চিকিৎসা সম্পর্কে হয়ে থাকে এবং যে উপায়ে আপনার জিপি প্রেকটিস আপনার অভিযোগটি দেখে তাতে যদি আপনি সন্তুষ্ট না হন, তাহলে **0345 015 4033** নম্বরে আপনি পার্লাম্যান্টারী এবং হেল্থ সার্ভিস ওম্বাড়স্ম্যানের (Parliamentary and Health Service Ombudsman) সাথে যোগাযোগ করতে পারেন।

www.nhs.uk/NHSConstitution-তে আপনার অধিকারগুলোর ব্যাখ্যা দেয়া আছে।

যদি আপনি ব্যক্তিগতভাবে আপনার চিকিৎসার ব্যয় মিটিয়ে থাকেন এবং যে উপায়ে
আপনার জিপি প্রেকটিস আপনার অভিযোগটি ঘুঁটেছে তাতে যদি আপনি সন্তুষ্ট না
থাকেন, তাহলে **www.independenthealthcare.org.uk**
সাইটে আপনি স্বতন্ত্র হেল্থকেয়ার এডভাইজরী সার্ভিসের (Independent
Healthcare Advisory Service (IHAS)) সাথে যোগাযোগ করতে
পারেন। **0161 923 6602** নম্বরে আপনি (General Medical
Council (GMC)) কাছেও ফোন করতে পারেন অথবা **www.gmc-**
uk.org ঠিকানায় তাদের ওয়েবসাইটটি ভিজিট করতে পারেন।

আমাদেরকে বলুন

নিয়ন্ত্রক হিসাবে আমাদের যে ভূমিকা রয়েছে তা অভিযোগসমূহ তদন্ত অথবা স্বরাহা
করার আইনগত ক্ষমতা আমাদেরকে প্রদান করে না, কিন্তু এরপরও আমরা চাই যে
কেয়ার সম্পর্কিত আপনার অভিজ্ঞতাগুলোর ব্যাপারে আপনি আমাদেরকে বলুন।
আপনার তথ্যগুলো আমাদের কাছে গুরুত্বপূর্ণ। কখন, কোথায় এবং কি পরিদর্শন
করতে হবে সে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে এটি আমাদেরকে সাহায্য করে। যখন আমরা
দেখবো যে কোন একটি জিপি প্রেকটিস আদর্শমানগুলো পূরণ করছে না তখন আমরা
ব্যবস্থা গ্রহণ করবো। আপনি আপনার উদ্বেগগুলো সম্পর্কে আমাদেরকে জানাতে
পারেন, এমনকি যদি জিপি প্রেকটিসটির কাছে আপনি কোন অভিযোগ নাও করতে
চান। কেয়ার তথা সেবাযত্ত সম্পর্কিত ভাল অভিজ্ঞতাগুলো সম্পর্কেও শুনতে আমরা
আগ্রহী। আমাদের সাথে যোগাযোগের সর্বোত্তম মাধ্যম হচ্ছে অন্লাইনে

www.cqc.org.uk সাইটে যে়ে ‘Share your experience’
(‘আপনার অভিজ্ঞতা ভাগাভাগি করুন’) নামক আমাদের ফর্মটি পূরণ করা। আপনি
ইচ্ছা করলে **03000 616161** নম্বরে আমাদের কাছে ফোন করতে পারেন অথবা
এই নির্দেশিকাটির পিছনদিকে প্রদত্ত ঠিকানায় আমাদের কাছে চিঠি লিখতে পারেন।
আপনার স্থানীয় হেল্থওয়াচ টীমের (Healthwatch team) মাধ্যমেও আপনি
কেয়ার সম্পর্কিত আপনার অভিজ্ঞতার কথা আমাদেরকে জানাতে পারেন।

আমরা কিভাবে পরিদর্শনগুলো (ইন্স্পেকশন) করি এবং ব্যবস্থা গ্রহণ করি

আমরা যখন একটি পরিদর্শন করি তখন আমরা লোকজনের সাথে কথা বলি এবং
কেয়ার সম্পর্কে তাদের যে অভিজ্ঞতাগুলো সেগুলো তলিয়ে দেখি এবং পদ্ধতি এবং
প্রক্রিয়াগুলো পরীক্ষা করি। আমাদের পরিদর্শনগুলোতে আমরা প্রায়শঃই অন্যান্য
বিশেষজ্ঞদেরকে জড়িত করি, কেয়ারের অভিজ্ঞতাসম্পর্ক লোকজন সহ। যদি আমরা
মনে করি যে সার্ভিসগুলো জাতীয় আদর্শমানগুলো পূরণ করছে না তাহলে আমরা
ব্যবস্থা গ্রহণ করি। সমস্যা-ক্রটি সংশোধনের জন্যে জিপি প্রেকটিস কি কি পদক্ষেপ
নিবে তা আমাদেরকে জানানোর জন্যে আমরা তাদেরকে বাধ্য করতে পারি। তাছাড়া

আমরা:

- জরিমানা আরোপ অথবা আনুষ্ঠানিক লুশিয়ারি জারি করতে পারি; এবং
- কোন জিপি প্রেকটিসের রেজিস্ট্রেশন স্থগিত অথবা বাতিল করে দিতে পারি।

যদি আমরা কোন একটি জিপি প্রেকটিসকে কোন আনুষ্ঠানিক পদক্ষেপ নেয়ার কথা বলি তবে সে তখ্য আমরা আমাদের **www.cqc.org.uk** ওয়েবসাইটে প্রকাশ করি। জাতীয় আদর্শমানগুলো পূরণের জন্যে যখন উক্ত জিপি প্রেকটিসটি প্রয়োজনীয় উন্নতিসাধন করে তখন আমরা আমাদের ওয়েবসাইটটি হালনাগাদ করি।

আমরা কিভাবে আপনাকে অবগত রাখি

আমরা যেসব জিপি প্রেকটিসগুলো নিয়ন্ত্রণ করি তারা কিভাবে গুণগত মান এবং নিরাপত্তাবিষয়ক জাতীয় আদর্শমানগুলো পূরণ করছে সে সম্পর্কিত বিশদ তথ্যাদি আমরা আমাদের **www.cqc.org.uk** ওয়েবসাইটে প্রকাশ করি। যে আদর্শমানগুলো আশা করার অধিকার আপনার রয়েছে সেগুলোর বিচারে কোন একটি জিপি প্রেকটিস কতটুকু ভাল কিংবা মন্দ করছে তা জানার জন্যে আপনি উক্ত প্রেকটিসটি সার্চ (অনুসন্ধান) করতে পারেন।

নিম্নবর্ণিত জিনিসগুলো পাবার জন্যে আপনি ইচ্ছা করলে নাম তালিকাভুক্ত করতে পারেন:

- আপনার আগ্রহের জিপি প্রেকটিসগুলো যখন আমরা পরিদর্শনে যাই এবং সেগুলো সম্পর্কে রিপোর্ট তৈরি করি তখন আমাদের কাছ থেকে একটি ই-মেইল; এবং
- আমাদের কাছ থেকে সর্বশেষ খবরাখবর জানার জন্যে আমাদের মাসিক ই-নিউজলেটার।

আমাদের সাইটে আর যেসব পুস্তিকা পাওয়া যায় সেগুলো হচ্ছে:

আপনার কেয়ার হোম নিয়ন্ত্রণ করা হতে কি কি আদর্শমান আশা করার অধিকার
আপনার রয়েছে (What standards you have a right to expect
from the regulation of your care home)

আপনার হাসপাতাল নিয়ন্ত্রণ করা হতে কি কি আদর্শমান আশা করার অধিকার আপনার
রয়েছে (What standards you have a right to expect from the
regulation of your hospital)

আপনার নিজের ঘরে যেসব এজেন্সি কেয়ার প্রদান করে তাদেরকে নিয়ন্ত্রণ করা হতে
কি কি আদর্শমান আশা করার অধিকার আপনার রয়েছে (What standards you
have a right to expect from the regulation of agencies that
provide care in your own home)

আপনার ডেন্টাল প্রেকটিস নিয়ন্ত্রণ করা হতে কি কি আদর্শমান আশা করার অধিকার
আপনার রয়েছে (What standards you have a right to expect
from the regulation of your dental practice)

আমাদের সাথে কিভাবে যোগাযোগ করবেন

আমাদের কাছে ফোন করুন: **03000 616161**

আমাদের কাছে চিঠি লিখুন: **Care Quality Commission,
Citygate, Newcastle, upon
Tyne NE1 4PA**

আমাদের কাছে ই-মেইল **enquiries@cqc.org.uk**

পাঠান:

আমাদের ওয়েবসাইট: **www.cqc.org.uk**

যদি আপনি এই প্রকাশনাটি অন্যান্য ভাষা অথবা মাধ্যমে (যেমন: মোটা হরফে অথবা মৌখিক বিবরণস্বরূপ) পেতে চান, তাহলে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে চলে যান অথবা আমাদের সাথে যোগাযোগ করুন।

CQC-178-50000-STE-012013